# সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

**বরিশাল শাখা, বরিশাল**

ঠিকানা# ০১ নং কাঠপট্টি রোড, বরিশাল।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বরিশাল শাখার বিনিয়োগ গ্রহীতা মেসার্স শেরওয়ানী ইলেকট্রিক্যাল ইন্ডাস্ট্রি ও এর সহযোগী প্রতিষ্ঠান মেসার্স নিয়ন ইলেকট্রিকের, মালিকঃ মোঃ ওয়ালিউল ইসলাম শেরওয়ানী, ব্যবসায়িক ঠিকানাঃ বিসিক শিল্প এলাকা, প্লট নং: এ-৩০ (পূর্ব), কাউনিয়া, বরিশাল। বর্তমান এবং স্থায়ী ঠিকানাঃ ৭৬১, উত্তর আলেকান্দা বগুড়া রোড, বরিশাল, এর নিকট ১২.০৫.২০২৬ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোটঃ ৫,৫১,৭৬,৪৪১.০০ টাকা (পাঁচ কোটি একান্ন লক্ষ ছিয়াত্তর হাজার চারশত একচল্লিশ টাকা মাত্র) এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছেঃ

### শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে "সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র" লিখিয়া আগামী ২০/০৭/২০২৬ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বরিশাল শাখা, বরিশাল, ঠিকানা# ০১ নং কাঠপট্টি রোড, বরিশাল রক্ষিত দরপত্র বাক্সে ফেলিবেন অথবা দরপত্র রেজিষ্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোনো তফসিলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বরিশাল শাখা, বরিশাল এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মুল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহবানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।

৬. দরদাতাকে রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচ, ষ্ট্যাম্প ডিউটি ও ভ্যাট অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করিতে হবে।

৮. কম জামানতসমেত/ জামানতবিহীন/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।

১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যে কোনো পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না।

১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।

১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

### তফসিল- ১

জেলা- বরিশাল, থানা- কোতয়ালী, বগুড়া আলেকান্দা মৌজা, জেএল নং-৫০, খতিয়ান নং- এসএ ১৬৬০, ১৬৬২, নতুন সৃজিত খতিয়ান-৮২০২, তথা জমা খারিজ বা মিউটেশন খতিয়ান নং- ৮১৩১, ৯৪০৬ ও ১৭২১৬। এসএ দাগ নং-৪০২২ ও ৪০২৩। বিএস (বুজরত) ৯৯৩০ খতিয়ানে, বিএস দাগ নং- ৯৯৯৯ মোট জমির পরিমান ৮.৩০ (আট দশমিক তিন শতাংশ) বাণিজ্যিক এলাকার জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো (যদি থাকে)। যাহার মালিক মোঃ ওয়ালিউল ইসলাম শেরওয়ানী, পিতা- মৃত মমতাজ উদ্দিন শেরওয়ানী (৩.৩০+১.০০ শতাংশ) এবং মিসেস রুমা ইসলাম (৪ শতাংশ) স্বত্বাধিকারীর স্ত্রী।

চৌহদ্দী- উত্তরে- আবদুর রাজ্জাকের বাস ভবন, দক্ষিনে- মালেক খানের বাস ভবন, পূর্বে- জামান গং এর টিনসেড হাউজ (পেস্কার বাড়ী), পশ্চিমে- সোয়েব মিঞার খালী জায়গা।

### তফসিল-২

জেলা : বরিশাল, থানা : বানারীপাড়া, মৌজা-গাভা, জেএল নং-০১, দলিল নং-১৩৫৪, তারিখ- ১৯.০৮.৯৮, খতিয়ান নং- এসএ-৮৯৬,৫৮৬,৪১৪,৯৪৫,৯৪৬,৯৪৭,৪২৯,৯১৫,৮৯৪,৮৯৫, খারিজ- ৮৯৬/০১ ও ১১২৬, ডিপি- ৭০৩, দাগ নং এসএ- ১৩৪৯, ১৩৫১, ১৩৫২, ১৪৩২, ২০২, ১৪৩৩, ১৪৪৬, ১৩৪৫, ১৪৩৪, ১৪৩৫, ১৪৩৫/১৪৮০, ১৬৬১, ১৬৮৩, ১৪২৫, ১৬৮০, ১৪১৩, ১৩৫৪, ১৩৫২, ১৪৩১, ডিপি - ২৫৬৪, ২৫৪৯, ২৫৩৭, ২৫৩৮ মোট জমির পরিমান (১৬১+৩০.৭৫+৪৬+১৪.৫০+৩১)=২৮৩.২৫ (দুই শত তিরাশি দশমিক পঁচিশ শতাংশ) চাষযোগ্য জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো (যদি থাকে)। যাহার মালিক মোঃ ওয়ালিউল ইসলাম শেরওয়ানী।

চৌহদ্দী- উত্তরে- গাভা খাল, দক্ষিণে- ৬ ফুট প্রশস্থ রাস্তা, পূর্বে- নারু দাসের পানের বরজ, পশ্চিমে- দাতার কৃষি জমি।

### তফসিল-৩

জেলা: বরিশাল, থানা: কোতয়ালী হাল থানা: কাউনিয়া, উপজেলা: বরিশাল সদর, বিসিক শিল্প এলাকা, প্লট নং: এ-৩০ (পূর্ব), মোট জমির পরিমান ১৩.৭৭ (তের দশমিক সাতাত্তর শতাংশ) খালি জমি বা ৬০০০ বর্গফুট এবং তদুপরিস্থিত অবকাঠামো (যদি থাকে)। যাহার মালিক মো. ওয়ালিউল ইসলাম শেরওয়ানী।

চৌহদ্দী- উত্তরে- খোকন মিঞার খালি জায়গা, দক্ষিণে- ২০ ফুট প্রশস্থ রাস্তা, পূর্বে- আলম মিঞার সনি ইন্ডাস্ট্রিজ, পশ্চিমে- বিসিক প্লটের খালি জায়গা।

### তফসিল-৪

জেলা: বরিশাল, থানা: বানারীপাড়া, মৌজা - গাভা, জেএল নং-০১, খতিয়ান নং: এসএ - ৫৮৩, ৫৮৪, ৫৮৫, জাম খারিজ খতিয়ান নং - ১২৬৯, দাগ নং- এসএ- ১৪১১, ১৪১৪, ১৪১৫, ১৪২৭, ১৪২৮ মোট জমির পরিমাণ ৫৫.৫০ (পঞ্চান্ন দশমিক পঞ্চাশ শতাংশ) চাষকৃত জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো (যদি থাকে)। মালিক মোঃ ওয়ালিউল ইসলাম শেরওয়ানী।

চৌহদ্দী- উত্তরে- উজ্জল সমাদ্দারের বাড়ী ও চলাচলের রাস্তা, দক্ষিণে- হরে সমাদ্দারের খালী জমি, পূর্বে- হরে সমাদ্দারের খালী জমি, পশ্চিমে- নারু দাসের খালী জমি ও চলাচলের রাস্তা।

### তফসিল-৫

জেলা: বরিশাল, থানা: বানারীপাড়া, মৌজা - গাভা, জেএল নং-০১, খতিয়ান নং-এসএ- ৪২৭, জমা খারিজ খতিয়ান নং - ১২৮৩, দাগ নং- এসএ-১৩৪৪, ১৩৬২, ১৩৬৩ মোট জমির পরিমাণ ৪৩.০০ (তেতাল্লিশ শতাংশ) চাষকৃত জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো (যদি থাকে)। মালিক মো. ওয়ালিউল ইসলাম শেরওয়ানী।

চৌহদ্দী- দাতার জমি ও চলাচলের রাস্তা, দক্ষিণে- বাবুল সমাদ্দারের বাড়ী, পূর্বে- দাতার খালী জমি, পশ্চিমে- দাতার জমি ও চলাচলের রাস্তা।

**সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি**
বরিশাল শাখা, বরিশাল এর পক্ষে।
শাখা ব্যবস্থাপক
মোবাইল নং # ০১৭১৩-১৩৯০৭৩